দৈনিক ইনকিলাব

তারিখ JUN. 9 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

৬০

# খুলনা ভার্সিটি কম্পিউটার সায়েন্স ডিসিপ্লিনের পরিস্থিতি ক্রমেই জটিল হচ্ছে

**খুলনা ব্যুরো ঃ** খুলনা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের প্রধান প্রফেসর মোজাম্মেল হক আজাদ খানের অপসারণের দাবীতে ডিসিপ্লিনের ছাত্র-ছাত্রীরা গত সোমবার সন্ধ্যা পর্যন্ত তাকে তার দফতরে অবরুদ্ধ রাখে। ফলে সৃষ্ট সমস্যা ক্রমান্বয়ে ঘনীভূত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা তাদের দাবীর পক্ষে অনড়। তারা দাবী করছে যে, কর্তৃপক্ষের চরম উদাসীনতায় পরিস্থিতি ঘোলাটে হচ্ছে। অপরদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ভাষ্য হচ্ছে, একজন দায়িত্বশীল কর্মকর্তাকে সুনির্দিষ্ট সাক্ষ্য-প্রমাণ ছাড়া অপসারণ সম্ভব নয়। তবে ছাত্র-ছাত্রীরা ক্লাসে ফিরে আসলে একাডেমিক সমস্যাগুলো জরুরীভাবে সমাধান করা হবে।

সিএসই ডিসিপ্লিনের ছাত্র-ছাত্রীরা সুনির্দিষ্ট ১১টি অভিযোগের ভিত্তিতে ডিসিপ্লিন প্রধানের অপসারণের দাবীতে সকল প্রকার একাডেমিক কার্যক্রম বন্ধ রাখায় বিশ্ববিদ্যালয়ের অর্জিত সুনাম নষ্ট হচ্ছে।